স্মারক নং: ৪৩.২২.১৫৪১.০২৭.০২.০২২.২৫. ৪১৮　　　　তারিখ: ২৭ ফাল্গুন ১৪৩১ বঙ্গাব্দ
১২ মার্চ ২০২৫ খ্রিষ্টাব্দ

# নোটিশ

জিয়া স্মৃতি জাদুঘর-এর **" অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত কর্মপরিকল্পনা ২০২৪-২০২৫"** এর ক্রমিক ১.১.১ অনুযায়ী অভিযোগ প্রতিকার বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে সভা আয়োজনের নির্দেশনা রয়েছে। নির্দেশনা মোতাবেক বিষয়টি বাস্তবায়নের লক্ষ্যে আগামী ১৫ মার্চ, ২০২৫ তারিখ শনিবার সকাল ১১:০০টায় জিয়া স্মৃতি জাদুঘরের উপ-কীপার মহোদয়ের অফিস কক্ষে **স্টেকহোল্ডারগণের সমন্বয়ে** একটি সভা অনুষ্ঠিত হবে। উক্ত সভায় উপস্থিত হয়ে আপনার মূল্যবান মতামত প্রদান করার জন্য বিনীত অনুরোধ করা হলো। আশা করি মত বিনিময় সভায় আপনার প্রানবন্ত উপস্থিতি জাদুঘর-এর কর্মসূচিকে আরো সাফল্য মন্ডিত করবে।

অর্পিতা ১২/০৩/২৫

অর্পিতা দাশ গুপ্তা
উপ-কীপার (রুটিন দায়িত্ব)
জিয়া স্মৃতি জাদুঘর, চট্টগ্রাম।
ফোন: ০২-৪১৩৬১০১২
e-mail : ziamuseum@gmail.com

CamScanner

# জিয়া স্মৃতি জাদুঘর

(সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের একটি প্রতিষ্ঠান)

এস.এস.খালেদ রোড, চট্টগ্রাম-৪০০০।

নম্বর: ৪৩.২২.১৫৪১.০২৭.০২.০৬৫.২৫. ৪৬৯ তারিখ: ০১ চৈত্র ১৪৩১ বঙ্গাব্দ / ১৫ মার্চ ২০২৫ খ্রিষ্টাব্দ

জিয়া স্মৃতি জাদুঘরের " অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা ২০২৪-২০২৫" এর ১৫/০৩/২০২৫ তারিখে অনুষ্ঠিত অংশীজনের সভার রেকর্ড নোটস।

সভা অনুষ্ঠিত হওয়ার তারিখ : ১৫ মার্চ ২০২৫ খ্রিষ্টাব্দ।
সভা অনুষ্ঠিত হওয়ার সময় : বিকাল ০৩.০০ টা।
সভার স্থান : জিয়া স্মৃতি জাদুঘরের উপ-কীপার মহোদয়ের অফিস কক্ষ।

সভাপতি : জনাব অর্পিতা দাশ গুপ্তা(রুটিন দায়িত্ব) কীপার-উপ , জিয়া স্মৃতি জাদুঘর ,চট্টগ্রাম।
সভায় উপস্থিত সম্মানিত সদস্যন্দ : সংযুক্তিতে দেখা যেতে পারে।

সভার শুরুতে জিয়া স্মৃতি জাদুঘরের অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনার বিষয়ে-এর সদস্য-সচিব সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। তিনি আমন্ত্রিত অতিথিদের তাদের মতামত দেয়ার অনুরোধ জানান। অতিথিদের মতামতের পরিপ্রেক্ষিতে সভাপতি করণীয় বিষয়ে মতামত পেশ করেন।

০১.

| ক্রমিক | সেবা গ্রহীতার নাম/ঠিকানা | মতামত | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ১. | জনাব মো. জসীম উদ্দীন খান<br>অধ্যক্ষ,<br>বাকলিয়া সরকারী কলেজ,<br>চট্টগ্রাম। | জিয়া স্মৃতি জাদুঘরের মূল ভবনের প্রবেশ মুখের পাশে মাত্র ০১ (এক)টি ওয়াটার ডিসপেন্সার রয়েছে কিন্তু দোতলায় কোনো ওয়াটার ডিসপেন্সার নাই। এতে করে দোতলায় আগত দর্শকদের বিশুদ্ধ খাবার পানির ব্যবস্থা ব্যাহত হচ্ছে। | জিয়া স্মৃতি জাদুঘরের উপ-কীপার মহোদয় বলেন, জিয়া স্মৃতি জাদুঘর কর্তৃপক্ষ দর্শকদের যে কোনো সেবা প্রদানের জন্য বদ্ধপরিকর। বিষয়টি গুরুত্বের সাথে নিয়ে তিনি বাংলাদেশ জাতীয় জাদুঘর বরাবর একটি পত্র প্রেরণ করবেন বলে অভিমত পেশ করেন। |
| ২. | জনাব মো. সাজেদুর রহমান<br>কন্টাকটর<br>বনানী ট্রেডার্স, ৯৪/বি,<br>চাঁনমারী রোড<br>লালখান বাজার, চট্টগ্রাম। | জিয়া স্মৃতি জাদুঘরের মূল ভবনের টিনের চালা দিয়ে পানি পড়ে। এত জাদুঘরের কাঠসহ নিদর্শনসমূহ ক্ষতিগ্রস্থ হচ্ছে। | উপ-কীপার বলেন, জিয়া স্মৃতি জাদুঘরের মূল ভবন দিয়ে পানি পড়া রোধের জন্য প্রয়োজনীয় ব্যয়ানুমান অত্র জাদুঘরে কর্মরত উপ-সহকারী প্রকৌশলী প্রস্তুত করেছেন এবং বাংলাদেশ জাতীয় জাদুঘর বরাবর প্রেরণ করেছেন। |
| ৩. | জনাব মো. আল-আমিন<br>ইলেকট্রিশিয়ান,<br>জিয়া স্মৃতি জাদুঘর, চট্টগ্রাম। | জিয়া স্মৃতি জাদুঘরের জেনারেটরটি দীর্ঘদিন যাবৎ বন্ধ রয়েছে। বিদ্যুৎবিহীন সময়ে দর্শকরা গ্যালারির সেবা হতে বঞ্চিত হচ্ছে এছাড়াও অফিসর জরুরি কাজ বিদ্যুৎবিহীন সময়ে সম্পাদন করতে অফিসে সমস্যা পরিলক্ষিত হচ্ছে। | উপ-কীপার মহোদয় জিয়া স্মৃতি জাদুঘরের জেনারেটরটি মেরামতের জন্য বাহির থেকে একজন টেকনিশিয়ান এনে দেখানো হয়েছে। টেকনিশিয়ান জেনারেটর এর ব্যাটারি এবং চার্জার পরিবর্তনের ব্যাপারে পরামর্শ দিয়েছেন। এ বিষয়ে তিনি বাংলাদেশ জাতীয় জাদুঘর বরাবর পত্র প্রেরণ করবেন বলে স্টেকহোল্ডারকে আশ্বস্ত করেছেন। |
| ৪. | জনাব মোখমাইনোজ্জামান<br>সহকারী নিরাপত্তা পরিদর্শক<br>ও নিরাপত্তা পরিদর্শক-কাম-<br>(দা.অ)কেয়ারটেকার ,<br>জিয়া স্মৃতি জাদুঘর,<br>চট্টগ্রাম। | জিয়া স্মৃতি জাদুঘরে প্রয়োজনীয় সংখ্যক নিরাপত্তা প্রহরি নেই। নিরাপত্তা প্রহরির অভাবে জাদুঘরের নিরাপত্তার কাজ চলমান রাখতে সমস্যার সৃষ্টি হচ্ছে। এছাড়াও গ্যালারিতে নিরাপত্তা প্রহরির অভাবে উক্ত কাজ জাদুঘরের মালীদের দিয়ে করানো হচ্ছে। | সভাপতি বলেন, জাদুঘরের নিরাপত্তা প্রহরিদের বিষয়ে বাংলাদেশ জাতীয় জাদুঘর বরাবর পত্র প্রেরণ করা হয়েছে। জাদুঘরের নিরাপত্তার বিষয়টি অতীব গুরুত্বপূর্ণ হওয়ায় তিনি আরো একটি পত্র প্রেরণ করবেন বলে অভিমত প্রকাশ করেছেন। |

CamScanner

| | | | |
|---|---|---|---|
| ৫. | জনাব সালমীম খান কলি মডেলার (বাজাজা) ও সহকারী প্রদর্শনী উপস্থাপক (রু.দা), জিয়া স্মৃতি জাদুঘর, চট্টগ্রাম। | জিয়া স্মৃতি জাদুঘরের ১৭ নং গ্যালারির এবং ০২ নং গ্যালারিতে ডিওরোমা প্রায় নষ্ট হয়ে গেছে। ডিওরোমাতে উঁইপোকা আক্রান্ত হওয়ায় যে কোনো সময় তা ভেঙে পড়তে পারে। | উপ-কীপার মহোদয় বলেন, জিয়া স্মৃতি জাদুঘরের ডিওরোমা পরিবর্তন করে নতুনভাবে ডিওরোমা স্থাপনের জন্য বাংলাদেশ জাতীয় জাদুঘর বরাবর পত্র প্রেরণ করা হবে। |
| ৬. | জনাব মো. আহাম্মদ হোসেন উপ-সহকারী প্রকৌশলী, জিয়া স্মৃতি জাদুঘর, চট্টগ্রাম। | জিয়া স্মৃতি জাদুঘরের মূল ভবনের দ্বিতীয় তলার সম্মূখে অবস্থিত "জিয়া স্মৃতি জাদুঘর" নামফলকটি প্রায় অস্পষ্ট হয়ে গেছে। এতে করে জাদুঘরের প্রকৃত সৌন্দয উপস্থাপন ব্যাহত হচ্ছে। সংশ্লিষ্ট স্টেকহোল্ডার বিষয়টি উপ-কীপার মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন। | "জিয়া স্মৃতি জাদুঘর" তথ্য সম্বলিত নামফলকটিতে দীর্ঘদিন যাবৎ কোনো ধরণের রঙের প্রলেপ কাজ না হওয়ায় নামফলকটি অস্পষ্ট হয়ে গেছে। কাজটি দ্রুত সম্পাদনের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন বলে সংশ্লিষ্ট স্টেকহোল্ডারকে উপ-কীপার মহোদয় আশ্বস্থ করেছেন। |
| ৭. | জনাব মো: জুয়েল রানা সহকারী কীপার জিয়া স্মৃতি জাদুঘর, চট্টগ্রাম। | জিয়া স্মৃতি জাদুঘরের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) –এ জিয়া স্মৃতি জাদুঘর কর্তৃক প্রদেয় বিভিন্ন সেবার নাম এবং দায়িত্বপ্রাপ্ত কর্মচারির নাম/পদবি দেওয়া আছে। তিনি সিটিজেন চার্টারটি সুন্দরভাবে উপস্থাপনের জন্য উপ-কীপার মহোদয়কে ধন্যবাদ জ্ঞাপন করেন। | উপ-কীপার মহোদয় সংশ্লিষ্ট স্টেকহোল্ডারের উপর সন্তুষ্ট হয়ে বলেন, জিয়া স্মৃতি জাদুঘরের পুরাতন সিটিজেন চার্টারটি পরিবর্তন করে নতুনভাবে সিটিজেন চার্টার স্থাপন করা হয়েছে। |
| ৮. | জনাব সুকান্ত বড়ুয়া প্রদর্শক প্রভাষক জিয়া স্মৃতি জাদুঘর, চট্টগ্রাম। | জিয়া স্মৃতি জাদুঘরের মূল ভবনে দর্শকদের ব্যবহারের জন্য মাত্র ০২ (দুই)টি ওয়াশরুম/টয়লেটের ব্যবস্থা আছে। জাদুঘরের দর্শক সংখ্যা বৃদ্ধি পাওয়ায় আরো ০২ (দুই)টি ওয়াশরুম/টয়লেট নিমার্ণের পরামর্শ দিয়েছেন। | জাদুঘরের দর্শক সংখ্যা বৃদ্ধি পাওয়ায় উপ-কীপার মহোদয় বিষয়টি উর্ধ্বতন কর্তৃপক্ষকে অবহিত করবেন বলে জানিয়েছেন। |
| ৯. | জনাব মোঃ বেলাল হোসেন অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক জিয়া স্মৃতি জাদুঘর, চট্টগ্রাম। | জিয়া স্মৃতি জাদুঘরের দাপ্তরিক কাজ সম্পাদনের জন্য মাত্র কয়েকটি কম্পিউটার আছে। কম্পিউটার স্বল্পতার কারণে জরুরি দাপ্তরিক কাজ সম্পাদন করতে বিবিধ সমস্যার সম্মুখিন হতে হচ্ছে। | জিয়া স্মৃতি জাদুঘরের কম্পিউটারের সংখ্যা প্রয়োজনের তুলনায় অতি নগন্য। এ জন্য উপ-কীপার মহোদয় কম্পিউটার সরবরাহের জন্য বাংলাদেশ জাতীয় জাদুঘরের মহাপরিচালক মহোদয় বরাবর পত্র প্রেরণ করবেন বলে অভিমত প্রকাশ করেছেন। |
| ১০. | জনাব মোঃ নিজাম উদ্দিন মাইক্রোফোন ও চলচ্চিত্র প্রজেক্টর অপারেটর জিয়া স্মৃতি জাদুঘর, চট্টগ্রাম। | জিয়া স্মৃতি জাদুঘরের বাউন্ডারী ওয়ালটি দীর্ঘদিন যাবৎ রঙকরণ করা হয় নাই। এতে করে বাউন্ডারী ওয়ালটির গ্রীলে মরিচা পড়ে রঙসহ গ্রীলের ক্ষতি হচ্ছে এবং জাদুঘরের সৌন্দয ব্যাহত হচ্ছে। | জিয়া স্মৃতি জাদুঘরের উপ-কীপার মহোদয় বলেন, উক্ত বিষয়ে একটি ব্যয়ানুমান প্রস্তুত করে বাংলাদেশ জাতীয় জাদুঘরের মহাপরিচালক মহোদয় বরাবর পত্র প্রেরণ করা হবে। |

০৩. সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করা হয়।

অর্পিতা ২৫/০৬/২৫

অর্পিতা দাশ গুপ্তা
উপ-কীপার (রুটিন দায়িত্ব)
জিয়া স্মৃতি জাদুঘর, চট্টগ্রাম।
ফোন: ০২-৪১৩৬১০১২
ziamuseum@gmail.com

CamScanner

নম্বর: ৪৩.২২.১৫৪১.০২৭.০২.০৬৫.২৫. ৪ ৬২(৩)

তারিখ: ০১ চৈত্র ১৪৩১ বঙ্গাব্দ
১৫ মার্চ ২০২৫ খ্রিষ্টাব্দ

**অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।**

১) জনাব মোঃ আকসারুজ্জামান নূরী, কীপার (সং) ও অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা, বাংলাদেশ জাতীয় জাদুঘর, শাহবাগ, ঢাকা ১০০০।

২) এক্সপ্লোরেশন অফিসারএক্সপ্লোরেশন , এন্ড ব্রাঞ্চ মিউজিয়াম শাখা, বাংলাদেশ জাতীয় জাদুঘর, শাহবাগ, ঢাকা ১০০০।

৩) সংশ্লিষ্ট নথি, জিয়া স্মৃতি জাদুঘর, চট্টগ্রাম।

১৫/০৩/২৫

মোঃ আহাম্মদ হোসেন
উপ-সহকারী প্রকৌশলী
ও
সদস্য-সচিব
অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা সংক্রান্ত কমিটি
জিয়া স্মৃতি জাদুঘর, চট্টগ্রাম।

CS CamScanner

# জিয়া স্মৃতি জাদুঘর

এস.এস.খালেদ রোড

চট্টগ্রাম-৪০০০।

জিয়া স্মৃতি জাদুঘরের " **অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা ২০২৪-২৫**" এর অংশীজনের সভায় উপস্থিতির তালিকা:

তারিখ: ১৫ মার্চ, ২০২৫ খ্রিস্টাব্দ, শনিবার, সকাল: ১১:০০টা।

| ক্রমিক | নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১) | জনাব অর্পিতা দাশ গুপ্তা | উপ-কীপার (রুটিন দায়িত্ব)<br>জিয়া স্মৃতি জাদুঘর, চট্টগ্রাম। | |
| ২) | জনাব মোঃ জুয়েল রানা | সহকারী কীপার<br>জিয়া স্মৃতি জাদুঘর, চট্টগ্রাম। | |
| ৩) | জনাব মোঃ আহাম্মদ হোসেন | উপ-সহকারী প্রকৌশলী<br>জিয়া স্মৃতি জাদুঘর, চট্টগ্রাম। | |
| ৪) | জনাব মোঃ আল-আমিন | ইলেকট্রিশিয়ান,<br>জিয়া স্মৃতি জাদুঘর, চট্টগ্রাম। | |
| ৫) | জনাব মোখমাইনোজ্জামান | সহকারী নিরাপত্তা পরিদর্শক ও নিরাপত্তা পরিদর্শক-কাম-কেয়ারটেকার (অ.দা)<br>জিয়া স্মৃতি জাদুঘর, চট্টগ্রাম। | |
| ৬) | জনাব সালমীম খান কলি | মডেলার (বাজাজা) ও সহকারী প্রদর্শনী উপস্থাপক (রু.দা),<br>জিয়া স্মৃতি জাদুঘর, চট্টগ্রাম। | |
| ৭) | জনাব মোঃ জসীম উদ্দীন খান | অধ্যক্ষ<br>বাকলিয়া সরকারী কলেজ, চট্টগ্রাম। | |
| ৮) | জনাব মো. সাজেদুর রহমান | কন্টাকটর<br>বনানী ট্রেডার্স, ৯৪/বি, চাঁনমারী রোড<br>লালখান বাজার, চট্টগ্রাম। | |
| ৯) | জনাব সুকান্ত বড়ুয়া | প্রদর্শক প্রভাষক<br>জিয়া স্মৃতি জাদুঘর, চট্টগ্রাম। | |
| ১০) | জনাব মোঃ বেলাল হোসেন | অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক<br>জিয়া স্মৃতি জাদুঘর, চট্টগ্রাম। | |
| ১১) | জনাব মোঃ নিজাম উদ্দীন | মাইক্রোফোন ও চলচ্চিত্র প্রজেক্টর অপারেটর<br>জিয়া স্মৃতি জাদুঘর, চট্টগ্রাম। | |